সারসংক্ষেপ

কোভিড-১৯ পরবর্তী শিক্ষা
পুনরুদ্ধার ও আগামীর ভাবনা

www.campebd.org

প্রকাশনায়
গণসাক্ষরতা অভিযান

এডুকেশন ওয়াচ ২০২১

কোভিড-১৯ পরবর্তী শিক্ষা
পুনরুদ্ধার ও আগামীর ভাবনা

মূল প্রতিবেদনের সারসংক্ষেপ

মনজুর আহমেদ
মোস্তাফিজুর রহমান
সৈয়দ শাহাদাত হোসাইন
গিয়াসউদ্দিন আহমেদ
মোহাম্মদ নুরে আলম

মে ২০২২

গণসাক্ষরতা অভিযান

সহযোগিতায়: ইউরোপিয়ান ইউনিয়ন

প্রথম প্রকাশ

মে ২০২২

প্রকাশক

গণসাক্ষরতা অভিযান

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। এই প্রতিবেদনের কোনো অংশ বা পূর্ণ প্রতিবেদন পুনঃপ্রকাশ/মুদ্রণের ক্ষেত্রে লিখিত অনুমতি নিতে হবে।

প্রচ্ছদ

এ.এইচ. সাগর

ISBN: 978-984-35-2573-4

ছবি

ইন্টারনেট/যুগান্তর

যোগাযোগের ঠিকানা

৫/১৪ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭
ফোন: + ৮৮-০২-৪১০২২৭৫২-৬
ই-মেইল: info@campebd.org
ওয়েবসাইট: www.camprbd.org
Facebook: facebook.com/campebd
Twitter: twitter.com/campebd

মুদ্রণে:

এভারগ্রীণ প্রিন্টিং এন্ড প্যাকেজিং

উৎসর্গ

শিক্ষক, অভিভাবক ও শিক্ষা অধিকার কর্মীসহ বাংলাদেশের অগণিত মানুষ যাদেরকে
আমরা 'কোভিড-১৯'-এর কারণে হারিয়েছি তাদের স্মরণ করে
এডুকেশন ওয়াচ ২০২১ প্রতিবেদনটি উৎসর্গীকৃত।

১. পটভূমি এবং উদ্দেশ্য

কোভিড অতিমারীর কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর স্কুলগুলো পুনরায় খুলেছে। আশা করা হচ্ছে, রমজানের ছুটি শেষে নিয়মিত রুটিন অনুযায়ী স্কুলগুলোতে নিয়মিত ক্লাস শুরু হবে। সরকারের বিভিন্ন উদ্যোগের প্রেক্ষিতে প্রাথমিক-পরবর্তী বয়সের শিশুদের টিকা দেওয়ার ক্ষেত্রে আশানুরূপ অগ্রগতি সাধিত হয়েছে। যার ফলে বিদ্যালয়গুলোতে নিরাপদে পুনরায় শিক্ষা কার্যক্রম চালু করা সম্ভব হচ্ছে। তবে বিদ্যালয়ে সরকার নির্দেশিত স্বাস্থ্য এবং সামাজিক দূরত্ব অবশ্যই মেনে চলতে হবে। তবে গুরুত্বপূর্ণ প্রশ্ন হলো, যখন স্কুলগুলো পুরোপুরি খোলা হবে তখন স্বাস্থ্যবিধি বিষয়ে কী ব্যবস্থা নেওয়া হবে। স্কুল থেকেই ঠিক কী করতে হবে - সিলেবাসের পাঠ দেওয়ার নিয়মিত রুটিনে ফিরে যাওয়া এবং পরীক্ষার রুটিন অনুসরণ করা না কি 'সাধারণ' নির্দেশনা শুরু হওয়ার আগে শিক্ষার্থীরা তাদের শিখন স্তর এবং প্রস্তুতির বিষয়ে কোথায় দাঁড়িয়েছে এবং তাদের প্রতিকারমূলক পদক্ষেপের মাধ্যমে শিখন-ক্ষতি পুনরুদ্ধার করতে কী করা উচিত, তা মূল্যায়ন করার প্রয়োজন আছে? অন্য কথায়, এখন কি সময়সীমাবদ্ধ শিখন-ক্ষতি পুনরুদ্ধার এবং প্রতিকারমূলক পরিকল্পনার দিকে মনোযোগ দেওয়া উচিত?

২০২১ সালের APSC তথ্য অনুযায়ী, ২০২০-এর তুলনায় ২০২১ সালে ১.৫ মিলিয়ন শিক্ষার্থী হ্রাস পেয়েছে এবং ১৪,০০০-এর বেশি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। এদের বেশিরভাগই বেসরকারিভাবে পরিচালিত কিন্ডারগার্টেন স্কুল। তবে ২০২২ সালের শুরুতে প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চশিক্ষা সর্বশেষ পরিস্থিতির পর্যাপ্ত তথ্য প্রকাশিত না হওয়ায় অতিমারীর প্রকৃত প্রভাব সম্পর্কে কোনো সুস্পষ্ট ধারণা পাওয়া যাচ্ছে না। তবে ক্ষতির একটি সার্বিক চিত্র অনুমান করা হচ্ছে।

এডুকেশন ওয়াচ ২০২১-এর উদ্দেশ্য

ক) শিক্ষার্থী ও তাদের পরিবার এবং শিক্ষকদের পরিস্থিতি সম্পর্কে হালনাগাদ তথ্য সরবরাহ করা;

খ) স্কুলগুলো পুনরায় খোলার পরে শিক্ষা কার্যক্রম কীভাবে এগিয়ে চলেছে এবং শিক্ষার্থী ও শিক্ষকগণের শিখন-শেখানো কার্যক্রম এবং মানসিক ও শারীরিক সুস্থতার বিষয়ে খতিয়ে দেখা;

গ) বৈষম্য মোকাবেলা এবং শিক্ষার মানের সঙ্গে সঙ্গে জরুরি পরিস্থিতিতে শিক্ষার্থী এবং স্কুলের সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে যে দীর্ঘমেয়াদি পরিবর্তন শুরু হতে পারে সে বিষয়ে আলোকপাত করা।

২. পদ্ধতি, নমুনায়ন, তাৎপর্য সীমাবদ্ধতা

দেশের ৮টি বিভাগের শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক/স্কুল কমিটি, শিক্ষা কর্মকর্তা এবং স্থানীয় এনজিও কর্মীদের প্রতিনিধিত্ব করতে পারে এমন পর্যাপ্ত আকারের নমুনা নির্বাচন করা হয়েছে। উত্তরদাতাদের মধ্যে রয়েছেন প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থী, যথাক্রমে চতুর্থ ও পঞ্চম শ্রেণি এবং অষ্টম ও নবম শ্রেণির। এখানে ছেলে ও মেয়ের সংখ্যা সমান রাখা হয়েছে। অন্যান্য উত্তরদাতারা হলেন শিক্ষক, অভিভাবক, এসএমসি-র সদস্য, উপজেলা ও জেলা পর্যায়ের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শিক্ষা কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত স্থানীয় এনজিও কর্মকর্তা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের প্রশিক্ষক/শিক্ষকগণ।

মোট উত্তরদাতার সংখ্যা ছিল ৩,৫৫৭ জন। তাদের মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ১,৭৪৮ জন, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের ৬০৬ জন শিক্ষক, ৭১২ জন অভিভাবক, ৬৪ জন শিক্ষা কর্মকর্তা, শিক্ষা কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত স্থানীয় এনজিও-র ২৫ জন কর্মকর্তা এবং কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের ৫৫ জন প্রশিক্ষক/শিক্ষক। এছাড়াও ২০২ জন অন্যান্য উত্তরদাতা ফোকাস গ্রুপ আলোচনায় অংশগ্রহণ করেছেন, যাদের মধ্যে রয়েছেন স্বাস্থ্য কর্মকর্তা, জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা, অভিভাবক, স্থানীয় প্রশাসন, স্থানীয় সরকার প্রতিনিধি, ধর্মীয় নেতা, অবসরপ্রাপ্ত কর্মকর্তা ইত্যাদি।

সমীক্ষার তাৎপর্য এবং উদ্দীষ্ট জনগোষ্ঠী

দীর্ঘসময় স্কুল বন্ধ থাকায় শিক্ষার্থীদের শিখন ক্ষতির প্রকৃতি ও প্রভাব সম্পর্কে ধারণা পাওয়ার উদ্দেশ্যে এই সমীক্ষাটি পরিচালিত হয়েছে। শিক্ষার্থীদের শিখনের বর্তমান অবস্থা এবং তাদের পরিবার ও শিক্ষকদের বর্তমান অবস্থা সম্পর্কে জানা, পুনরায় স্কুল নিরাপদে খোলা, শিখন-ক্ষতি পুনরুদ্ধার, এবং অতিমারী দ্বারা উদ্ভূত ও পূর্বে বিদ্যমান সমস্যাগুলো মোকাবেলা করার বর্তমান অভিজ্ঞতা থেকে ভবিষ্যতের জন্য শিক্ষা গ্রহণ ইত্যাদি বিষয়গুলোও এই সমীক্ষার উল্লেখযোগ্য অংশ। এই সমীক্ষার সম্ভাব্য ব্যবহারকারীরা হচ্ছেন সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা, নীতি-নির্ধারক, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষাবিদ, এনজিও, এবং উন্নয়ন সহযোগীগণ।

সীমাবদ্ধতা

সমীক্ষাটিতে বেশ কিছু সীমাবদ্ধতা রয়েছে। সমীক্ষার পরিসর, আওতা এবং পদ্ধতির ক্ষেত্রেও বিভিন্ন সীমাবদ্ধতা রয়েছে। সমীক্ষার উল্লেখযোগ্য সীমাবদ্ধতাগুলো নিম্নরূপ:

ক) এই সমীক্ষা কেবলমাত্র আনুষ্ঠানিক ও পাবলিক-স্কুলগুলোর মধ্যে সীমাবদ্ধ ছিল। উপানুষ্ঠানিক শিক্ষা ও কিন্ডার গার্টেন স্কুলগুলোকে সম্পৃক্ত করা সম্ভব হয়নি;

খ) গবেষণার প্রশ্নপত্রগুলোতে সাধারণ ধারার স্কুল পদ্ধতির সামগ্রিক কার্যক্রমের পরিবর্তে বর্তমান অতিমারী সম্পর্কিত বিষয়গুলোর ওপর অধিকতর দৃষ্টি দেওয়া হয়েছে;

গ) মোবাইল ফোনের মাধ্যমে সমীক্ষার তথ্য সংগ্রহ করা হয়েছে এবং

ঘ) গবেষণার সময়সীমা সমস্যার গুরুত্ব ও প্রয়োজনীয়তার দ্বারা নির্ধারিত হয়েছিল।

গবেষণা প্রতিবেদনের বিন্যাস

মূল আলোচিত বিষয় এবং একটি সারসংক্ষেপ ছাড়াও প্রতিবেদনটি তিনটি অংশে বিভক্ত। সূচনা অধ্যায়ের পর দ্বিতীয় অধ্যায়ে জরিপ থেকে ফলাফল উপস্থাপন করা হয়েছে। তৃতীয় অধ্যায়ে রয়েছে উপসংহার এবং সুপারিশসমূহ।

৩. সমীক্ষা থেকে প্রাপ্ত ফলাফলসমূহ

সমীক্ষা থেকে প্রাপ্ত যে ফলাফলসমূহ প্রতিবেদনের দুই নম্বর অধ্যায়ে তুলে ধরা হয়েছে। শ্রেণিবিন্যাসকরণ পদ্ধতিতে সমীক্ষার ফলাফলগুলোকে প্রধানত পাঁচটি ভাগে ভাগ করা হয়েছে, ক) স্কুল পুনরায় খোলা এবং স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থা, খ) শিখন-ক্ষতি পুনরুদ্ধার পরিকল্পনা এবং বাস্তবায়ন, গ) শিক্ষকদের জন্য সহায়তা, ঘ) মধ্য ও দীর্ঘমেয়াদি নীতিগত শিক্ষা, এবং ঙ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) বিষয়ক চ্যালেঞ্জ।

ক. স্কুল পুনরায় খোলা এবং স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থা

বিদ্যালয়ে ফেরা

অভিভাবক ও শিক্ষার্থীদের মতামত অনুযায়ী শহরের বস্তি ছাড়া গ্রামীণ, শহর এবং শহরতলী এলাকার ৯৭ থেকে ৯৯ শতাংশ শিক্ষার্থী স্কুলে ফিরে এসেছে। শহরের বস্তি এলাকায় বিদ্যালয়ে ফেরত আসার হার ৯০ শতাংশ। অভিভাবকগণ উল্লেখ করেছেন যে, তাদের আশেপাশে স্কুলে ফিরে যায়নি এমন শিশুদের হার ৩ থেকে ৫ শতাংশ, শহরের বস্তিতে যা প্রায় ১৪ শতাংশ। এছাড়াও উত্তরদাতাদের মধ্যে ৭ থেকে ২০ শতাংশ উল্লেখ করেছেন যে, তারা এমন সহপাঠী বা আত্মীয়দের সম্পর্কে জানেন যাদের শিশুরা অতিমারীর কারণে স্কুল বন্ধ থাকাকালীন তারা স্কুল থেকে কওমি মাদ্রাসায় ভর্তি হয়েছে এবং সেখানেই রয়ে গেছে।

স্কুলে স্বাস্থ্যবিধি এবং নিরাপত্তা

সমীক্ষার ফলাফল থেকে দেখা যায় যে, বেশিরভাগ উত্তরদাতা বিদ্যালয়ে শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেছেন। প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের যথাক্রমে ৯৬ ও ৯৭ শতাংশ শিক্ষক বিদ্যালয়ে স্বাস্থ্য ও সুরক্ষা ব্যবস্থাপনা নিয়ে সন্তুষ্ট ছিলেন। শহরের বস্তি এলাকার বিদ্যালয়ে এই বিষয়ে সন্তুষ্টির মাত্রা কমে ৯১ শতাংশ ছিল (চিত্র- ক১)।

চিত্র ক১. বিদ্যালয়ের স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থাপনা বিষয়ক মতামত



প্রাথমিক পর্যায়ের ১৬ এবং মাধ্যমিক পর্যায়ের ১৭ শতাংশ শিক্ষার্থী অতিমারী কীভাবে তাদের স্বাস্থ্য, সুস্থতা এবং পড়ালেখাকে প্রভাবিত করতে পারে তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে।

অতিমারী প্রতিরোধ এবং প্রতিরক্ষামূলক পদক্ষেপ হিসেবে স্কুলগুলোতে স্বাস্থ্য এবং সুরক্ষা ব্যবস্থা সম্পর্কিত পরিস্থিতি সম্পর্কে কিছুটা দ্বিধা লক্ষ্য করা যায়। শিক্ষা কর্তৃপক্ষ যে নির্দেশাবলী এবং নির্দেশিকা প্রদান করেছিলেন, স্কুলগুলোতে তা অনুসরণ করার চেষ্টা করেছে। বিদ্যালয়ের স্বাস্থ্য ব্যবস্থাপনা সন্তোষজনক ছিল (অর্থাৎ, নির্দেশাবলী অনুসরণ করা হচ্ছে এবং তারা ভালো কাজ করার চেষ্টা করেছে)। কিন্তু যখন নির্দেশিকা বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দের পরিমাণ সম্বন্ধে জানতে চাওয়া হয়েছিল, তখন অনেকেই মনে করেছেন যে, এ খাতে বরাদ্দ পর্যাপ্ত ছিল না। একইভাবে বিদ্যালয়ে স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থাপনা কীভাবে আরও উন্নত করা যেতে পারে সেই বিষয়ে মতামত চাওয়া হলে অনেক নতুন নতুন চিন্তা ও পরামর্শ পাওয়া গেছে। তা থেকে বোঝা যায় যে, বর্তমান অবস্থার আরও উন্নতির অনেক সুযোগ রয়েছে।

স্বাস্থ্য ও নিরাপত্তা উন্নতির জন্য পরামর্শ

বিদ্যালয়ে স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থার উন্নতির বিষয়ে শিক্ষক, শিক্ষা কর্মকর্তা এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ বিভিন্ন ধরনের ধারণা দিয়েছেন। শিক্ষকরা জোর দিয়েছেন মাস্ক পরা এবং হাত ধোয়ার মতো নিরাপত্তা বিধি নিশ্চিত করা ও প্রয়োগ করার ওপর। কর্মকর্তাগণ স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং তদারকি ও তত্ত্বাবধান বৃদ্ধির পরামর্শ দিয়েছেন। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির বেশির ভাগ সদস্য এ খাতে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করেছেন। লক্ষণীয় যে, প্রায় দুই-তৃতীয়াংশ শিক্ষক ও এসএমসি-র সদস্যগণ কোনো মতামত বা পরামর্শ দিতে রাজি হননি (সারণী-ক১)। একসঙ্গে কাজ করা এবং শিক্ষা ও স্বাস্থ্য কর্তৃপক্ষের মধ্যে সমন্বয় ও সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে এনজিও ও কমিউনিটিকে সম্পৃক্ত করার প্রসঙ্গে কোনো মতামত পাওয়া যায় নি।

সারণী-ক১. বিদ্যালয়ের স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনদের পরামর্শ

উত্তরদাতার ধরন	মতামতসমূহ					
	১	২	৩	৪	৫	৬
শিক্ষক (প্রাথমিক)	৬.৫	১৪.৪	৪.৫	৭.৩	৬৫	১২.৩
শিক্ষক (মাধ্যমিক)	৭	৮.২	৮.৫	১১.৪	৬৫	৮.৯
উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	১০.৩	১৭.২	২৭.৬	২৬.৮	১০.৩	১৪.৩
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	১৫.৮	১০.৫	৯.৩	৩৬.৮	২৬.৩	৯.৫
জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	১০	০	৩০	১০	৬০	০
জেলা শিক্ষা কর্মকর্তা	২০	২০	৮০	০	০	০
এসএমসি (প্রাথমিক)	২২.১	১৬.২	১১.৮	৫.৯	৩৮.২	১১.৮
এসএমসি (মাধ্যমিক)	৮.২	৬.৮	১২.৩	৮.২	৬৪.৪	৩.৮

১. বিদ্যালয়ে স্বাস্থ্য সুরক্ষা খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধিকরণ
২. হাত ধোয়ার ব্যবস্থা, স্যানিটাইজার ও মাস্ক ব্যবহার নিশ্চিত করা
৩. শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা
৪. বিদ্যালয়ে স্বাস্থ্য ব্যবস্থাপনার মনিটরিং ও তদারকি বৃদ্ধি করা
৫. কোনো মতামত নেই
৬. অন্যান্য

খ. শিখন-ক্ষতি পুনরুদ্ধার পরিকল্পনা এবং বাস্তবায়ন

বাড়িতে শিক্ষার্থীদের পড়ালেখায় কারা সহায়তা করেন, স্কুল পুনরায় খোলার পরে কীভাবে পাঠ শুরু হয়েছিল, শিক্ষার্থীর বর্তমান শিখনস্তর মূল্যায়ন এবং দূর-শিক্ষণের জন্য শিক্ষার্থীরা কী ধরনের ডিভাইস ব্যবহার করেন এবং মোবাইল ফোন/কম্পিউটারে কাটানো সময়কাল, স্কুল বন্ধ থাকাকালীন সন্তানদের শিখন ঘাটতি হয়েছে তা পূরণে পরিবার থেকে কী ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে এবং তা পরিবারের জন্য কোনো বাড়তি চাপ বা বোঝা হয়েছে কিনা-এই বিষয়ে জানতে চাওয়া হয়েছিল।

বাড়িতে পড়ালেখায় শিক্ষার্থীরা যাদের নিকট থেকে সহায়তা পেয়েছেন

- প্রাথমিক বিদ্যালয়ের ৪১.৮ শতাংশ শিক্ষার্থী বলেছেন যে, অভিভাবকরা তাদের সবচেয়ে বেশি সাহায্য করেছেন। অন্যদিকে ২০.৬ শতাংশ শিক্ষার্থী জানিয়েছেন বড় ভাইবোনদের নিকট থেকে সহায়তা পেয়েছেন এবং ১৭.৫ শতাংশ শিক্ষার্থী বাড়িতে নিজেরাই পড়ালেখা করেন বলে জানিয়েছেন। প্রায় ১৬ শতাংশ শিক্ষার্থী প্রাইভেট টিউটরের সহায়তা নিয়েছেন এবং ২.৪ শতাংশ প্রতিবেশীর নিকট থেকে সহায়তা পেয়েছেন বলে জানিয়েছেন।
- মাধ্যমিক শিক্ষার্থীদের প্রায় ১৯ শতাংশ পিতা-মাতা বা অভিভাবকের নিকট থেকে সাহায্য পেয়েছেন। সমান সংখ্যক শিক্ষার্থী সাহায্য পেয়েছিল ভাইবোনদের নিকট থেকে। ২৪ শতাংশ শিক্ষার্থী প্রাইভেট টিউটরের সাহায্য নিয়েছেন এবং সবচেয়ে বেশি অর্থাৎ ৩৬ শতাংশ শিক্ষার্থী বলেছেন যে তারা নিজেরাই পড়ালেখা করেছেন।

- সামগ্রিকভাবে, অভিভাবকগণ জানিয়েছেন, শিক্ষার্থীদের একটি বড় অংশ (প্রাথমিক এবং মাধ্যমিক একত্রে) অর্থাৎ ২৮.৫ শতাংশ প্রাইভেট টিউটরের সাহায্য নিয়েছেন। এরপর পিতা-মাতার নিকট থেকে সহায়তা পেয়েছেন, প্রায় এক চতুর্থাংশ, যারা নিজেরাই বাড়িতে পড়ালেখা করেছে (চিত্র-খ১)।

চিত্র-খ১. বাড়িতে শিক্ষার্থীদের পড়ালেখায় কে সহায়তা করে?



দেখা যাচ্ছে যে, শিক্ষার্থীরা কার নিকট থেকে শিখনে সহায়তা পেয়েছে সেই সম্পর্কে অভিভাবকদের ধারণা এবং শিক্ষার্থীদের নিজস্ব মতামতের মধ্যে কিছুটা পার্থক্য রয়েছে। ফলাফল থেকে দেখা যায় যে, একই প্রশ্নে বিভিন্ন অংশীজনদের মতামত, সমীক্ষা থেকে প্রাপ্ত ফলাফল সুনির্দিষ্ট সূচক হিসেবে না নিয়ে একই সূচক হিসেবে নেওয়া যথাযথ হবে।

স্কুল পুনরায় খোলার পরে কীভাবে পাঠ শুরু হয়েছিল

সমীক্ষার প্রাপ্ত ফলাফলে দেখা যাচ্ছে, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার্থী এবং শিক্ষকদের মিলিয়ে প্রায় অর্ধেক উত্তরদাতা জানিয়েছেন যে, যদিও স্কুল ২০২১ সালের সেপ্টেম্বর মাসে খোলা হয়েছে, তবুও স্কুল খোলার পর শ্রেণি ও বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তকের প্রথম অধ্যায় থেকে পাঠ শুরু করা হয়েছে। এক চতুর্থাংশেরও বেশি (২৮ শতাংশ) উল্লেখ করেছেন যে, তারা সরকারি নির্দেশাবলী অনুসরণ করেছেন (তবে নির্দেশাবলীতে ঠিক কী ছিল বা কী অনুসরণ করা হয়েছিল তা স্পষ্টভাবে উল্লেখ করতে পারেন নি)। প্রায় ১১ শতাংশ শিক্ষক বা তাদের স্কুল খোলার পর পাঠ্যবইয়ের মাঝামাঝি কোথাও থেকে পাঠ শুরু করেছেন। ১০ শতাংশের বেশি উল্লেখ করেছেন যে, তারা গ্রেড এবং বিষয়ের জন্য দূর-শিক্ষণে যতটা পাঠ হয়েছিল তারপর থেকে পাঠ শুরু করেছেন। সামগ্রিকভাবে, অভিভাবক উত্তরদাতাদের মতামত অনুযায়ী প্রায় ২৮ শতাংশ উল্লেখ করেছেন যে, শ্রেণি ও বিষয়ভিত্তিক পাঠ শুরু করার আগে গত বছরের পাঠ পর্যালোচনা করার একটি প্রচেষ্টা ছিল (চিত্র- খ.২.১ ও চিত্র- খ.২.২)।

চিত্র-খ২.১ স্কুল খোলার পর শিক্ষকগণ প্রতিটি বিষয়ের কোন অধ্যায় থেকে পাঠদান শুরু করেছেন? (শিক্ষার্থীদের মতামত)



১. *প্রথম অধ্যায় থেকে*
২. *মাঝামাঝি কোনো অধ্যায় থেকে*
৩. *গত বছরের পাঠ আলোচনা করার পর*
৪. *দূর-শিক্ষণের নানা মাধ্যমে যে পর্যন্ত ক্লাস হয়েছিল তারপর থেকে এবং*
৫. *অন্যান্য (সংক্ষিপ্ত সিলেবাস অনুযায়ী ও সরকারের নির্দেশনা অনুযায়ী)*

চিত্র- খ২.২ স্কুল খোলার পর প্রতিটি বিষয়ের কোন অধ্যায় থেকে পাঠদান শুরু করেছেন? (শিক্ষকদের মতামত)



১. *প্রথম অধ্যায় থেকে*
২. *মাঝামাঝি কোনো অধ্যায় থেকে*
৩. *গত বছরের পাঠ আলোচনা করার পর*
৪. *দূর-শিক্ষণের নানা মাধ্যমে যে পর্যন্ত ক্লাস হয়েছিল তারপর থেকে এবং*
৫. *অন্যান্য (সংক্ষিপ্ত সিলেবাস অনুযায়ী ও সরকারের নির্দেশনা অনুযায়ী)*

সমীক্ষা থেকে এটা সুস্পষ্ট হয় যে, সুনির্দিষ্ট নির্দেশিকা না থাকায় অথবা যে বিষয়ে পর্যাপ্ত তথ্য না থাকার কারণে স্কুল খোলার পর কীভাবে পাঠ শুরু করতে হবে সে বিষয়ে শিক্ষক এবং স্কুল তাদের নিজেদের অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়েছেন।

পাঠের জন্য শিক্ষার্থীদের গ্রেড স্তরের প্রস্তুতি মূল্যায়ন করা

- প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৪০ শতাংশ শিক্ষার্থী বলেছেন যে, স্কুল পুনরায় খোলার পরে কিছু বিষয়ে তাদের শিখন দক্ষতা যাচাই করা হয়েছিল এবং ৯ শতাংশ শিক্ষার্থী বলেছেন, তাদের সকল বিষয়ের শিখন দক্ষতা যাচাই করা হয়েছে। ৪ শতাংশের বেশি শিক্ষার্থী জানিয়েছেন, শিক্ষকগণ তাদের শিখন দক্ষতা যাচাইয়ের পর ফলাফলের ভিত্তিতে ক্লাসে গ্রুপ বা দল তৈরি করেছেন;
- মাধ্যমিক বিদ্যালয়ের ৪৪ শতাংশ শিক্ষার্থী বলেছেন যে, কিছু বিষয় যাচাই করা হয়েছিল, এখানে ২ শতাংশ শিক্ষার্থী জানিয়েছেন, শিক্ষকগণ তাদের শিখন দক্ষতা যাচাইয়ের পর ফলাফলের ভিত্তিতে ক্লাসে গ্রুপ বা দল তৈরি করেছেন;

- অন্যদিকে, প্রাথমিক বিদ্যালয়ের ৬২ শতাংশ এবং মাধ্যমিক বিদ্যালয়ের ৭০ শতাংশ শিক্ষক বলেছেন, কিছু কিছু বিষয়ে শিক্ষার্থীদের শিখন দক্ষতা যাচাই করা হয়েছে। ৪ থেকে ৫ শতাংশ শিক্ষক জানিয়েছেন শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের শিখন অবস্থা বিবেচনা করে ক্লাসের মধ্যে গ্রুপ বা দল গঠন করা হয়েছে।

শিক্ষক এবং শিক্ষার্থীদের মতামত থেকে দেখা যায় যে, পাঠের জন্য শিক্ষার্থীদের গ্রেড প্রস্তুতি মূল্যায়ন করার জন্য নির্দিষ্ট কোনো নির্দেশিকা বা গাইডলাইন ছিল না। উত্তরদাতাদের একটি ছোট অংশ (২ থেকে ৫ শতাংশ) শিখন দক্ষতার স্তর অনুসারে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক গ্রুপ বা দল গঠন করার কথা উল্লেখ করেছেন (চিত্র-খ৩)।

চিত্র - খ৩ শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক প্রমোশন দেওয়ার পূর্বে যাচাইয়ের অবস্থা



১. কিছু কিছু বিষয়ে পরীক্ষা নেওয়া হয়েছে
২. সকল বিষয়ে পরীক্ষা নেওয়া হয়েছে
৩. যাচাইয়ের ফল অনুযায়ী শিক্ষার্থীদের দল তৈরি করা হয়েছে এবং
৪. কোনো পরীক্ষা নেওয়া হয়নি।

শিক্ষার্থীদের মোবাইল ফোন/কম্পিউটার ও বিভিন্ন ডিভাইসে আসক্তি

সমীক্ষায় দেখা যায় যে, অনেক শিশু এবং কিশোর-কিশোরী স্মার্টফোন, ট্যাবলেট এবং ল্যাপটপসহ নতুন প্রযুক্তিগত ডিভাইস দ্বারা প্রভাবিত। কোভিড-১৯ অতিমারী এই প্রবণতাকে আরও বাড়িয়ে দিয়েছে। সামগ্রিকভাবে ১২ শতাংশ অভিভাবক বলেছেন যে, তাদের স্কুলগামী শিশুরা স্মার্টফোন বা কম্পিউটার গেমে আসক্ত হয়ে পড়েছে। কারণ হিসেবে বলেছেন যেহেতু কোভিড-১৯ অতিমারীর কারণে স্কুল বন্ধ থাকার সময়ে তারা প্রতিদিন ৮-৯ ঘণ্টা পর্যন্ত বিভিন্ন ডিভাইসে সময় ব্যয় করেছে, সেহেতু তাদের মধ্যে এক ধরনের আসক্তি তৈরি হয়েছে।

- মাধ্যমিক বিদ্যালয়ের অভিভাবকদের ১৯% বলেছেন যে, তাদের স্কুলগামী সন্তানরা স্মার্টফোন বা কম্পিউটার গেমে আসক্ত ছিল, প্রাথমিক শিক্ষার্থীদের ক্ষেত্রে এটি ছিল ৬ শতাংশ;
- শহরের বস্তি এলাকার ২৮ শতাংশ অভিভাবক বলেছেন, তাদের সন্তানরা গেমের প্রতি আসক্ত ছিল, শহরাঞ্চলে এর হার ১২ শতাংশ, গ্রামীণ এলাকায় ১০ শতাংশ এবং শহরতলিতে ৯ শতাংশ (চিত্র-খ৪)।

চিত্র-খ৪. শিক্ষার্থীদের সামাজিক মাধ্যম ও গেম আসক্তি



ডিজিটাল প্রযুক্তি এবং ডিভাইসের অনুপ্রবেশ ছড়িয়ে পড়েছে ব্যাপকভাবে। মাধ্যমিক স্তরের অর্ধেকেরও বেশি শিক্ষার্থী শেখার উদ্দেশ্যে ইন্টারনেট এবং অন্যান্য ডিজিটাল ডিভাইসের সঙ্গে সংযুক্ত স্মার্টফোন ব্যবহার করে। তবে তা কতটা কোন পদ্ধতিতে তা স্পষ্ট নয়। সম্ভবত স্বচ্ছল পরিবারের অপেক্ষাকৃত ছোট একটি অংশের আসক্তির পরিমাণ বেশি ছিল। প্রাথমিক স্তরে, টিভি এবং রেডিও-তে পাঠ সম্প্রচারের ওপর নির্ভরতা বেশি দেখা গেছে (চিত্র-খ৫)।

চিত্র-খ৫. শিক্ষার্থী দূর-শিক্ষণের জন্য কোন ধরনের ডিভাইস ব্যবহার করে?



স্কুলে দুপুরের খাবার

প্রাথমিক বিদ্যালয়ের ৯৬ ও মাধ্যমিক বিদ্যালয়ের ৯৫ শতাংশ শিক্ষক সকল শিক্ষার্থীর জন্য স্কুল মিল (দুপুরের খাবার) প্রদানের বিষয়টিকে সমর্থন করেছেন।

- সকলের জন্য এই কার্যক্রমটির দ্রুত সম্প্রসারণ সম্পর্কে অভিভাবকগণ কিছুটা দ্বিধায় ছিলেন, কিন্তু মাধ্যমিক বিদ্যালয়ের ৭৮ শতাংশ এবং প্রাথমিক বিদ্যালয়ের ৭৭ শতাংশ অভিভাবক এই ধারণাকে সমর্থন করেছেন;
- মাধ্যমিক বিদ্যালয়ের এসএমসি সদস্যগণের ৮৮ শতাংশ, প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি সদস্যদের ৯১ শতাংশ উত্তরদাতা শিক্ষার্থীদের স্কুলে উপস্থিত থাকতে উৎসাহিত করার জন্য আরও বড় পরিসরে স্কুলে দুপুরের খাবারের ব্যবস্থা করার পক্ষে মতামত দিয়েছেন।

শিখন পুনরুদ্ধার বিষয়ক পরামর্শ

ইতোপূর্বে উল্লেখ করা হয়েছে যে, স্কুল খোলার পর শিক্ষার্থীদের গ্রেড স্তর যাচাই বা মূল্যায়নের পদ্ধতি ও প্রক্রিয়া সম্পর্কে শিক্ষকদের সুস্পষ্ট ধারণা ছিল না এবং তাদের নিকট এই বিষয়ের নির্দেশনা ও উপকরণেরও ঘাটতি ছিল। সমীক্ষায় শিখন-ক্ষতি পুনরুদ্ধারের মূল্যায়নে সহায়তা করার জন্য নির্দিষ্ট পদক্ষেপগুলো সহায়ক কিনা তা জানার চেষ্টা করা হয়েছিল।

- উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের ৯০ শতাংশ আগের তুলনায় পরীক্ষা কমানোর প্রস্তাবকে সমর্থন করেছেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের শতভাগ উত্তরদাতা একই মত পোষণ করেছেন;
- উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের শতভাগ উত্তরদাতা শিক্ষার্থীদের বাড়ির কাজ (হোম অ্যাসাইনমেন্ট) দেওয়া এবং শিক্ষকদের দ্বারা এগুলো পর্যালোচনা করার প্রস্তাব করেছেন। কেউ কেউ শিক্ষকদের শ্রেণিকক্ষে পাঠের সঙ্গে শিক্ষার্থীদের দূর-শিক্ষণের উপকরণগুলো লিঙ্ক প্রদান ও যুক্ত করার পরামর্শ দিয়েছেন;
- মাধ্যমিক বিদ্যালয়ের ৯৬ শতাংশ এবং প্রাথমিক বিদ্যালয়ের ৯২ শতাংশ শিক্ষার্থী আগের তুলনায় পরীক্ষার সংখ্যা কমানোর পক্ষে মতামত দিয়েছেন। বিপরীতে, মাধ্যমিক বিদ্যালয়ের ৮২ শতাংশ এবং প্রাথমিক বিদ্যালয়ের ৭৮ শতাংশ শিক্ষার্থী শিক্ষকদের নিকট থেকে মতামতসহ বাড়ির কাজ (হোম অ্যাসাইনমেন্ট) দেওয়াকে সমর্থন করেছেন।

উপর্যুক্ত মতামতসমূহ নির্দিষ্ট পদক্ষেপের পরিবর্তে প্রচলিত কার্যক্রমগুলো (যেমন- অর্জিত শিখন দক্ষতার ভিত্তিতে শিক্ষার্থীদের গ্রেড-স্তরের প্রস্তুতির মূল্যায়ন করা এবং শিক্ষার্থীদের ঘাটতিগুলো পূরণ করতে সহায়তা করার জন্য শ্রেণিভিত্তিক গ্রুপ বা দল গঠন করার পক্ষে মতামত দিয়েছেন।

পারিবারিক উদ্যোগ

- মাধ্যমিক বিদ্যালয়ের ৮৪ শতাংশ অভিভাবক জানিয়েছেন তাদের সন্তানদের শিখন ক্ষতি পূরণের জন্য প্রাইভেট টিউটর নিয়োগ করেছেন, প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে এই হার ছিল ৮০ শতাংশ;
- প্রাথমিক বিদ্যালয়ের ৫৮ শতাংশ শিক্ষার্থী বলেছেন যে, তাদের বাবা-মা বা ভাই-বোনরা পড়ালেখায় সাহায্য করার জন্য আগের চেয়ে বেশি সময় ব্যয় করেছেন। মাধ্যমিক শিক্ষার্থীদের ক্ষেত্রে তা ছিল ৩৬.৫ শতাংশ।
- শহরের বস্তি এলাকার মাত্র এক চতুর্থাংশ অভিভাবক তাদের সন্তানদের কোনো না কোনো কোচিং সেন্টারে ভর্তি করিয়েছেন, প্রাথমিক শিক্ষা পর্যায়ে তা ছিল ২৬ শতাংশ এবং মাধ্যমিক শিক্ষা পর্যায়ে ২৪ শতাংশ।

শিখন ক্ষতি পূরণের জন্য পরিবারগুলোর সাধারণ প্রতিক্রিয়া ছিল প্রাইভেট টিউটরের সাহায্য নেওয়া। এ নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মতামতের পার্থক্য লক্ষ্য করা গেছে। মাধ্যমিক বিদ্যালয়ে প্রায় এক পঞ্চমাংশ শিক্ষার্থী (১৯ শতাংশ) এবং প্রাথমিক শিক্ষা স্তরের আটজনের মধ্যে একজন (১২ শতাংশ) বলেছেন যে, তাদের পরিবার থেকে শিখন ঘাটতি পূরণের জন্য তেমন কোনো উদ্যোগ নেওয়া হয়নি। প্রাথমিক শিক্ষা পর্যায়ের প্রায় সকল অভিভাবক এবং মাধ্যমিক পর্যায়ের ৯৬ শতাংশ অভিভাবক জানিয়েছেন তারা সাহায্য করার চেষ্টা করেছেন। (চিত্র-খ৬)।

চিত্র-খ৬. শিক্ষার্থীদের শিখন পূরণের লক্ষ্যে পরিবারের উদ্যোগসমূহ



১. প্রাইভেট টিউটর নিয়োগ দেওয়া
২. কোচিং সেন্টারে ভর্তি করা
৩. শিক্ষার্থীদের পড়ালেখায় সহায়তা করার জন্য অভিভাবকদের আরও বেশি সময় দেওয়া
৪. কোনো উদ্যোগ নেওয়া হয়নি

শিখন পুনরুদ্ধার কার্যক্রম সম্পর্কে সুপারিশসমূহ

স্কুল পুনরায় খোলার পরে শিক্ষার্থীদের শিখন ক্ষতি পুনরুদ্ধারের জন্য কী কী কার্যক্রম/পদক্ষেপ নেওয়া যায় এই বিষয়ে অভিভাবক, শিক্ষক এবং শিক্ষা কর্মকর্তাদের মতামত ও সুপারিশ জানতে চাওয়া হয়েছিল। তাদের মতামত ও সুপারিশসমূহ সারণী- খ.১ক, খ.১খ, খ.১গ-এ উপস্থাপন করা হয়েছে।

সারণি- খ.১ক শিখন ক্ষতি পুনরুদ্ধার বিষয়ে অভিভাকদের পরামর্শসমূহ

উত্তরদাতার ধরন	১	২	৩	৪	৫	৬
অভিভাবক (প্রাথমিক)	৩১.৬	৯.৭	৫.৩	১.৯	২.০	৫৪.৮
অভিভাবক (মাধ্যমিক)	২৭.২	১৬.৮	৩.৪	২.৮	৩.৯	৫১.৭

১. সকল ক্লাসের জন্য বিদ্যালয় পুরোপুরি খুলে দেওয়া
২. নিয়মিতভাবে ক্লাসের বাইরে অতিরিক্ত ক্লাস নেওয়া
৩. শিক্ষার্থীদের বেশি বেশি এ্যাসাইনমেন্ট দেওয়া
৪. শিক্ষার্থীদের বাড়ির কাজের পরিমাণ বৃদ্ধি করা
৫. অন্যান্য (শিক্ষক-শিক্ষার্থীদের যোগাযোগ বৃদ্ধি, ইত্যাদি)
৬. কোনো মতামত নেই

- প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের অর্ধেকেরও বেশি অভিভাবক উপর্যুক্ত বিষয়ে কোনো মতামত/সুপারিশ প্রদান করেননি;
- প্রায় এক-চতুর্থাংশ অভিভাবক প্রস্তাব করেছেন যে, স্কুল সম্পূর্ণরূপে খোলা ও নিয়মিতভাবে সকল ক্লাস চালু রাখা;

- প্রায় ১০ থেকে ১৭ শতাংশ অভিভাবক স্কুল থেকে অতিরিক্ত পাঠ ও ক্লাসের ব্যবস্থা করার পরামর্শ দিয়েছেন, অনেক অভিভাবক এ্যাসাইনমেন্ট ও হোমওয়ার্কের ওপর জোর দিয়েছেন।

সারণি- খ১.খ শিখন ক্ষতি পুনরুদ্ধার বিষয়ে শিক্ষকদের পরামর্শসমূহ

উত্তরদাতার ধরন	১	২	৩	৪	৫	৬	৭
শিক্ষক (প্রাথমিক)	৪০.৩	১৮.৭	১.৮	৮.৬	৪.৩	২৮.৪	১০.৭
শিক্ষক (মাধ্যমিক)	৩৭.২	১৫.২	৩.৭	৬.১	৬.৭	২৯.৯	৮.৫

১. স্কুল খোলা রাখা ও নিয়মিত ক্লাস নেওয়া
২. নিয়মিতভাবে ক্লাসের বাইরে অতিরিক্ত ক্লাস নেওয়া
৩. শিক্ষকদের নিয়মিতভাবে প্রশিক্ষণের ব্যবস্থা করা
৪. শিক্ষার্থীদের বাড়ির কাজের পরিমাণ বৃদ্ধি করা
৫. নিয়মিতভাবে ক্লাস টেস্ট নেওয়া ও এ্যাসাইনমেন্ট প্রদান করা
৬. কোনো মতামত নেই
৭. অন্যান্য (শিক্ষক-শিক্ষার্থীদের যোগাযোগ বৃদ্ধি, ইত্যাদি)

- মাধ্যমিক বিদ্যালয়ের ৩০ শতাংশ ও প্রাথমিক বিদ্যালয়ের ২৮ শতাংশ শিক্ষক শিখন ক্ষতি পুনরুদ্ধারের লক্ষ্যে তাদের কোনো সুপারিশ বা পরামর্শ প্রদান করেন নি;
- যারা মতামত/পরামর্শ দিয়েছেন, তাদের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের ৪০ শতাংশ শিক্ষক নিয়মিত শারীরিকভাবে উপস্থিত থেকে ক্লাস চালিয়ে যাওয়ার সুপারিশ করেছেন, ১৯ শতাংশ শিক্ষক অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করার পরামর্শ দিয়েছেন এবং ৯ শতাংশ শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা তৈরির বিষয়ে উল্লেখ করেছেন;
- মাধ্যমিক স্তরে ৩৭ শতাংশ শিক্ষক নিয়মিত শারীরিক উপস্থিতিতে ক্লাস চালিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন, ১৫ শতাংশ শিক্ষক অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করার পরামর্শ দিয়েছেন এবং ৭ শতাংশ নিয়মিত ক্লাস পরীক্ষা, মূল্যায়ন ও এ্যাসাইনমেন্টকে সমর্থন করেছেন।

অবাক করা বিষয় হলো, প্রায় এক তৃতীয়াংশ শিক্ষক শিক্ষার্থীদের শিখন ক্ষতি পুষিয়ে নেওয়ার বিষয়ে কোনো পরামর্শ/মতামত প্রদান করেন নি। যারা মতামত দিয়েছেন তারা মূলত নিয়মিত স্কুল কার্যক্রম চালিয়ে ও অতিরিক্ত ক্লাস নেওয়ার পরামর্শ দিয়েছেন।

শিক্ষা কর্মকর্তাগণ শিখন পুনরুদ্ধার পদক্ষেপ সম্পর্কে পরামর্শ দিতে ইচ্ছুক ছিলেন না। যারা মতামত দিয়েছেন তাদের মধ্যে বেশিরভাগ শ্রেণিপাঠ, পরীক্ষা এবং হোম এ্যাসাইনমেন্ট রুটিনসহ নিয়মিত স্কুল কার্যক্রম চালিয়ে যাওয়ার ওপর জোর দিয়েছেন।

সারণি- খ.১গ শিখন ক্ষতি পুনরুদ্ধার বিষয়ে উপজেলা ও জেলা শিক্ষা কর্মকর্তাদের পরামর্শসমূহ

উত্তরদাতার ধরন	১	২	৩	৪	৫	৬	৭
উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	৩০.০	১৩.৩	২৬.৭	৩.৩	২৬.৭	১৩.৩	১০.০
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	৩১.৬	২১.১	৪৭.৪	২১.১	২১.১	১৪.৩	১০.৩
জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	৩০.০	২০.০	১০.০	২০.০	২০.০	১০.০	১৫.০
জেলা শিক্ষা কর্মকর্তা	৪০.০	৪০.০	২০.০	২০.০	০.০	০.০	০.০

১. *নিয়মিত ক্লাস নেওয়ার ব্যবস্থা করা*
২. *নিয়মিত ক্লাস নেওয়া ও শিক্ষার্থীদের হোম এ্যাসাইনমেন্ট দেওয়া*
৩. *নিয়মিত ক্লাসের বাইরে অতিরিক্ত ক্লাস নেওয়ার ব্যবস্থা করা*
৪. *অতিরিক্ত ক্লাস নেওয়ার জন্য শিক্ষকদের সম্মানী দেওয়ার ব্যবস্থা করা*
৫. *নিয়মিত ক্লাসের সঙ্গে দূর-শিক্ষণ বা অন-লাইন ক্লাস যুক্ত করা*
৬. *সংক্ষিপ্ত সিলেবাস তৈরি করা*
৭. *অন্যান্য (অংশীজনদের সচেতন করা, প্যারা শিক্ষক নিয়োগের উদ্যোগ নেওয়া, ইত্যাদি)*

- এক চতুর্থাংশেরও বেশি (২৭ শতাংশ) কর্মকর্তা অতিরিক্ত ক্লাসের জন্য শিক্ষকদের অতিরিক্ত পারিশ্রমিক দেওয়ার পরামর্শ দিয়েছেন এবং ২৭ শতাংশ শিখন ক্ষতি পুনরুদ্ধারের জন্য দূর-শিক্ষণ ক্লাস চালিয়ে যাওয়ার ওপর জোর দিয়েছেন;
- প্রায় অর্ধেক (৪৭ শতাংশ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শিখন ক্ষতি পুনরুদ্ধারের জন্য অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করার সুপারিশ করেছেন। ৩২ শতাংশ শারীরিকভাবে উপস্থিত থেকে ক্লাস পরিচালনার পক্ষে মতামত দিয়েছেন এবং ২১ শতাংশ নিয়মিত ক্লাস পরীক্ষা এবং বাড়ির কাজ মূল্যায়ন নিশ্চিত করার সুপারিশ করেছেন;
- বিশ শতাংশ জেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নিয়মিত ক্লাস টেস্ট ও হোম এ্যাসাইনমেন্ট নিশ্চিত করার পরামর্শ দিয়েছেন এবং অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করার পরামর্শ দিয়েছেন।

শিখন ক্ষতি পূরণে পারিবারিক উদ্যোগ

শিক্ষার্থীদের শিখন ক্ষতি পূরণের জন্য পরিবার থেকে যেসব উদ্যোগ নেওয়া হয়েছে তার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য হলো- প্রাইভেট টিউটর নিয়োগ দেওয়া। প্রাইভেট টিউটর নিয়োগের কারণে পরিবারগুলোর ব্যয় বেড়ে গেছে। প্রায় এক চতুর্থাংশ অভিভাবক বলেছেন যে, তারা সন্তানদের শিখন ক্ষতি পুনরুদ্ধার করতে অতিরিক্ত ব্যয় হচ্ছে তা তাদের কাছে বোঝা স্বরূপ। কী ধরনের বোঝা বা সমস্যা সৃষ্টি হয়েছে তা জানতে চাওয়া হলে, প্রায় অর্ধেক অভিভাবক আর্থিক বা মানসিক চাপ ও উদ্বেগের কথা উল্লেখ করেছেন। তবে শহরের বস্তির ক্ষেত্রে ৪০ শতাংশ অভিভাবক এই ধরনের অতিরিক্ত ব্যয়ের চাপ বলে মনে করছেন না, যা গ্রামের তুলনায় প্রায় দেড়গুণ।

নতুন শিক্ষাক্রম সম্পর্কিত মতামত

সমীক্ষায় শিক্ষাক্রম সংস্কারের উদ্যোগ সম্পর্কে শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাদের মতামত চাওয়া হয়েছিল। বিশেষত শিক্ষার্থীদের শিখন পুনরুদ্ধার কার্যক্রমে নতুন শিক্ষাক্রম কীভাবে ভূমিকা রাখতে পারবে এবং এটি কার্যকর বাস্তবায়নে কী কী উদ্যোগ নেওয়া দরকার তাও সমীক্ষার আওতায় জানতে চাওয়া হয়েছিল।

শিক্ষকদের একটি উল্লেখযোগ্য অংশ (মাধ্যমিক বিদ্যালয়ে ৩২ শতাংশ এবং প্রাথমিক বিদ্যালয়ে ২৫.৫ শতাংশ) শিক্ষাক্রম সংস্কারের এই উদ্যোগ সম্পর্কে ইতিবাচক দৃষ্টিভঙ্গি প্রকাশ করেছেন। তারা আশা করেছেন যে, এটি শিক্ষার্থীদের জন্য সহায়ক হবে। এছাড়া প্রায় দুই-তৃতীয়াংশ (প্রাথমিক বিদ্যালয়ের ৬৫ শতাংশ এবং মাধ্যমিক বিদ্যালয়ের ৬১ শতাংশ) শিক্ষকদের নিকট থেকে কোনো মতামত পাওয়া যায়নি। নতুন উদ্যোগ সম্পর্কে তাদের নিকট পর্যাপ্ত তথ্য না থাকাও এর কারণ হতে পারে।

প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৫ শতাংশ শিক্ষক বলেছেন যে, নতুন শিক্ষাক্রম বাস্তবায়নের অসুবিধার বিষয়টি বিবেচনা করে, বিশেষ করে বর্তমান পরিস্থিতিতে এটি ভালো উদ্যোগ নয়। মাধ্যমিক শিক্ষা পর্যায়ের ২.৪ শতাংশ শিক্ষক একই মতামত পোষণ করেছেন।

- ৫৭ শতাংশ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং ৪০ শতাংশ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বলেছেন যে, শিক্ষাক্রম সংস্কারের উদ্যোগ সম্পর্কে তাদের তেমন কোনো ধারণা বা মন্তব্য নেই;
- উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের ৫৩ শতাংশ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের ৪৭ শতাংশ মনে করেন যে, এটি শিক্ষার্থীদের গুণগত শিক্ষায় সহায়ক হবে। স্বল্প সংখ্যক উত্তরদাতা এটি বাস্তবায়নের চ্যালেঞ্জের কথা উল্লেখ করেছেন।

সারণি- খ২. নতুন কারিকুলাম সম্পর্কে উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের মতামত

উত্তরদাতার ধরন	১	২	৩
উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	৫৩.৩	৬.৩	৪০
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	৪৭.৪	৫.৩	৪৭.৪

১. এটি একটি ভালো উদ্যোগ
২. নতুন কারিকুলাম বাস্তবায়ন করা চ্যালেঞ্জিং হবে
৩. কোনো মতামত নেই

গ. শিক্ষকদের জন্য সহায়তা

'কোভিড-১৯' অতিমারী এবং এর সঙ্গে সম্পর্কিত অর্থনৈতিক সঙ্কট শিক্ষার্থী এবং সামগ্রিকভাবে সমাজকে যতটা প্রভাবিত করেছে, শিক্ষকদের পরিবারও এর আওতার বাইরে নয়।

- মাধ্যমিক বিদ্যালয়ের ৮৮ শতাংশ এবং প্রাথমিক বিদ্যালয়ের ৮৫ শতাংশ শিক্ষক বলেছেন যে, শিক্ষার্থীদের শিখন ক্ষতির মূল্যায়ন এবং এই সংকট কাটিয়ে উঠতে তাদের জন্য নির্দিষ্ট কোনো বিষয়ভিত্তিক নির্দেশিকা/গাইডলাইন নেই;
- শিক্ষার্থীদের শিখন ক্ষতি মূল্যায়ন এবং তা কাটিয়ে উঠার বিষয়ে শিক্ষকদের জন্য নির্দিষ্ট কোনো বিষয়ভিত্তিক নির্দেশিকা সম্পর্কে সুনির্দিষ্ট কিছু বলতে পারেন নি উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা পর্যায়ের ৯০ শতাংশ কর্মকর্তা।

সারণি গ.১ বিষয়ভিত্তিক পাঠদান ও মূল্যায়নের বিষয়ে শিক্ষকদের জন্য কি গাইডলাইন দেওয়া হয়েছে?

উত্তরদাতার ধরন	হ্যাঁ	না	জানা নাই
শিক্ষক (প্রাথমিক)	৮৫.৩	১৩.৩	১.৪
শিক্ষক (মাধ্যমিক)	৮৮.১	৮.২	৩.৭
উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	৯০	১০	০
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	৬৩.২	৩৬.৮	০
জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	৯০	১০	০
জেলা শিক্ষা কর্মকর্তা	৮০	২০	০

শিক্ষার্থীদের শিখন পুনরুদ্ধারে সহায়তা করার জন্য শিক্ষকরা অনলাইন/সরাসরি প্রশিক্ষণ পেয়েছিল কিনা তা জানার চেষ্টা করা হয়েছিল। প্রাথমিক শিক্ষার ৬২% শিক্ষক জানিয়েছেন যে, অন-লাইনে এই ধরনের নির্দেশনা/গাইডলাইন দেওয়া হয়েছিল। মাধ্যমিক শিক্ষার প্রায় ৩০% শিক্ষক এবং ৬০% কর্মকর্তা বলেছেন যে, এই বিষয়ে নির্দিষ্ট কোনো ওরিয়েন্টেশন বা নির্দেশনা ছিল না। প্রাথমিক শিক্ষার ৯০% কর্মকর্তা বলেছেন, অন-লাইনে এই নির্দেশনা ছিল। দেখা যাচ্ছে যে, এই বিষয়ে বিভিন্ন এবং পরস্পর বিরোধী প্রতিক্রিয়া এসেছে। এ থেকে এ উপসংহারে আসা যুক্তিসঙ্গত বলে মনে হয় যে, শিক্ষকদের এই বিষয়ে অবহিত করার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা ছিল না বা যা কিছু করা হয়েছিল তা কার্যকর ছিল না। প্রকৃতপক্ষে, শিখন ক্ষতির মূল্যায়ন এবং পুনরুদ্ধার পরিকল্পনা বাস্তবায়নের জন্য কোনো নির্দিষ্ট পরিকল্পনা দেখা যায়নি।

শিক্ষাবিদদের মতে, শিখন ক্ষতি পুনরুদ্ধারের পদক্ষেপের জন্য নির্দিষ্ট নির্দেশিকা বা গাইডলাইন না থাকায় বা ব্যবহার না করায়, অভিজ্ঞতার আলোকে তারা এই পদক্ষেপ বাস্তবায়ন করার চেষ্টা করেছেন। বিদ্যালয়ে স্বাভাবিক পাঠ অনুসরণ করার জন্য শিক্ষার্থীদের প্রস্তুতি এবং প্রস্তুতির স্তর নির্বিশেষে, স্কুলগুলো পুনরায় খোলা হলে তারা পাঠ্যপুস্তকের শুরু থেকে পাঠ শুরু করেছেন।

সারণি গ২. শিক্ষকদের অনলাইনে/সরাসরি প্রশিক্ষণ প্রাপ্তির অবস্থা

উত্তরদাতার ধরন	হ্যাঁ	না	জানা নাই
শিক্ষক (প্রাথমিক)	৬২.২	২৯.৫	৮.৩
শিক্ষক (মাধ্যমিক)	৫৭	৩১.১	১১.৯
উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	৯০	১০	০
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	৬৩.২	৩৬.৮	০
জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	৮০	২০	০
জেলা শিক্ষা কর্মকর্তা	৪০	৬০	০

শিক্ষকদের শারীরিক বা মানসিক অস্থিরতা

সমীক্ষায় দেখা গেছে যে, 'কোভিড-১৯' অতিমারীর কারণে স্কুল বন্ধ থাকায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় ৩০ শতাংশ, শহরাঞ্চলের এক-তৃতীয়াংশ, শহরতলীর ৩১ শতাংশ এবং গ্রামীণ এলাকায় বসবাসকারী শিক্ষকদের এক-চতুর্থাংশ শিক্ষক শারীরিক বা মানসিক অস্থিরতা বা চাপ অনুভব করেছেন।

স্কুল পুনরায় খোলার পরে শিক্ষকরা যেসব চ্যালেঞ্জ মোকাবেলা করেছেন

সাধারণভাবে শিক্ষকগণ স্কুল পুনরায় খোলা নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেছেন। সংখ্যাগরিষ্ঠ (৬৩ শতাংশ) শিক্ষক বলেছেন যে, তারা স্কুল খোলার পর বিশেষ কোনো চ্যালেঞ্জের মুখোমুখি হননি। একটি উল্লেখযোগ্য অংশ, প্রায় এক-তৃতীয়াংশ শিক্ষক বলেছেন, শিক্ষার্থীদের স্কুলে ফিরিয়ে আনা, স্কুলের কাজে মনোযোগ দিতে অনুপ্রাণিত করা এবং তাদের শিখন ক্ষতি পুনরুদ্ধার করা-এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

চিত্র- গ১. বিদ্যালয় পুনরায় খোলার পর শিক্ষকগণ কী ধরনের চ্যালেঞ্জ মোকাবেলা করছেন



১. শিক্ষার্থীদের স্কুলে ফিরিয়ে আনা
২. শিক্ষার্থীদের পড়ালেখার প্রতি মনোযোগ ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া
৩. শিখন ক্ষতি পুনরুদ্ধারে সহায়তা করা
৪. ক্লাসের সময়সীমা ও সংখ্যা বৃদ্ধি করা
৫.কোনো চ্যালেঞ্জ নেই

চ্যালেঞ্জ কাটিয়ে উঠতে শিক্ষকের পরামর্শ

সামগ্রিকভাবে, প্রায় অর্ধেক শিক্ষক নিয়মিত ক্লাস চলমান রাখা এবং মাধ্যমিক বিদ্যালয়ের ৫০ শতাংশ এবং প্রাথমিক বিদ্যালয়ের ৩৯ শতাংশ শিক্ষক মূল্যায়ন/পরীক্ষা চালিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন।

- আঠারো শতাংশ শিক্ষক অতিরিক্ত ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করার সুপারিশ করেছেন। অভিভাবক, শিক্ষক, শিক্ষার্থী এবং অন্যান্য অংশীজনদের মধ্যে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ নেওয়ার জন্য ১২ শতাংশ শিক্ষক পরামর্শ দিয়েছেন। ৯ শতাংশ শিক্ষক শ্রেণিকক্ষে মানসম্মত বা গুণগত শিক্ষা দেওয়ার ওপর জোর দিয়েছেন;
- সামগ্রিকভাবে, প্রাথমিক ও মাধ্যমিকের ৮.৫% শিক্ষক স্কুলে সকল শিক্ষার্থীর জন্য দুপুরের খাবার প্রদান করার পরামর্শ দিয়েছেন;
- গ্রামীণ এলাকায় ৫২ শতাংশ শিক্ষক নিয়মিত স্কুল খোলা রাখা ও মূল্যায়ন চালু রাখার সুপারিশ করেছেন। ৭ শতাংশ পরামর্শ দিয়েছেন অভিভাবক, শিক্ষক, ছাত্র এবং অন্যান্য অংশীজনদের মধ্যে সচেতনতা বৃদ্ধির;
- শহরাঞ্চলের ৪৩ শতাংশ শিক্ষক নিয়মিত স্কুল চালু রাখা ও মূল্যায়নের কথা বলেছেন এবং অভিভাবক, শিক্ষক এবং শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির পরামর্শ দিয়েছেন ২৭ শতাংশ শিক্ষক;
- শহরের বস্তি এলাকায় ৫৪ শতাংশ শিক্ষক অতিরিক্ত ক্লাস এবং পরীক্ষার ব্যবস্থা করার সুপারিশ করেছেন। ১৫ শতাংশ শিক্ষক নিয়মিত ক্লাস ও পরীক্ষা নেওয়ার পরামর্শ দিয়েছেন।

চিত্র গ২. উপর্যুক্ত চ্যালেঞ্জসমূহ থেকে উত্তরণের জন্য শিক্ষকদের পরামর্শ



১. স্কুল চালু রাখা ও শিক্ষার্থীদের নিয়মিত মূল্যায়ন করা
২. শিখন ক্ষতি পূরণের জন্য অতিরিক্ত ক্লাস ও টেস্ট নেওয়া
৩. শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা
৪. সর্তকতার সঙ্গে পাঠদান করা
৫. মিড-ডে স্কুল মিল চালু করা
৬. অন্যান্য (সিলেবাস সংক্ষিপ্ত করা, প্যারা শিক্ষক নিয়োগ দেওয়া, ইত্যাদি)

দূর-শিক্ষণের জন্য স্কুলে ডিভাইসের প্রাপ্যতা

সমীক্ষার ফলাফলে দেখা যায় যে, সামগ্রিকভাবে ১৪ শতাংশ শিক্ষক জানিয়েছেন, তাদের স্কুলে কোনো কম্পিউটার/ল্যাপটপ নেই, গ্রামীণ স্কুল এবং শহরের বস্তি এলাকায় এই হার ২৫ শতাংশ।

- প্রাথমিক বিদ্যালয়ের ৭৩ শতাংশ শিক্ষক নিশ্চিত করেছেন যে, তাদের বিদ্যালয়ে ১-৩টি কম্পিউটার/ল্যাপটপ রয়েছে। ৪-৬টি কম্পিউটার/ল্যাপটপ ৩ শতাংশ বিদ্যালয়ে এবং ৭-১০টি কম্পিউটার/ল্যাপটপ রয়েছে ৩ শতাংশ বিদ্যালয়ে;
- মাধ্যমিক বিদ্যালয়ের চল্লিশ শতাংশ শিক্ষক বিদ্যালয়ে শিক্ষক/ছাত্রদের জন্য ১-৩টি কম্পিউটার/ল্যাপটপ থাকার কথা জানিয়েছেন, ৩৬ শতাংশ জানিয়েছেন তাদের বিদ্যালয়ে ১০টির বেশি কম্পিউটার/ল্যাপটপ রয়েছে;
- গ্রামীণ ও শহুরে বিদ্যালয়ের মধ্যে একটি উল্লেখযোগ্য বৈষম্য লক্ষ্য করা গেছে। শহরের বস্তি এলাকার স্কুলগুলোর মধ্যে বেশিরভাগ প্রাথমিক স্কুল এক্ষেত্রে পিছিয়ে ছিল।

ঘ. মধ্য ও দীর্ঘমেয়াদি নীতিগত শিক্ষা

স্কুলগুলো পুনরায় খোলার সঙ্গে যেসব প্রত্যাশা নিয়ে ভবিষ্যতের দৃষ্টিপাত করা হলে, সেই প্রত্যাশা শুধু পুরানো রুটিনে ফিরে আসার নয়, সেই রুটিনে বৈষম্য এবং অনেক গুণগত চ্যালেঞ্জও ছিল। এই প্রত্যাশা একটি 'নতুন স্বাভাবিক'-এর দিকে এগিয়ে যাওয়ার। এই নতুন স্বাভাবিক আগে থেকে বিদ্যমান সমস্যাগুলো কাটিয়ে উঠতে সাহায্য করবে। সমীক্ষাটি বর্তমান চ্যালেঞ্জগুলো কাটিয়ে উঠতে এবং একটি উন্নত শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার বিষয়ে কিছু প্রশ্ন উত্থাপন করার চেষ্টা করা হয়েছে।

শিক্ষা পুনরুদ্ধারের পরিকল্পনা কেমন হওয়া উচিত এবং এর মেয়াদ বা ব্যাপ্তি কী হওয়া উচিত?

এই সময়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন হলো, শিক্ষা পুনরুদ্ধার পরিকল্পনায় কী থাকা উচিত? পুনরুদ্ধার পর্যায়ের জন্য সময়সীমা কী হওয়া উচিত। গ্রেড বা শ্রেণিভিত্তিক পাঠের জন্য শিক্ষার্থীদের প্রস্তুতি কেমন তা মূল্যায়নের প্রয়োজনীয়তা এবং শিক্ষার্থীদের প্রস্তুতির উন্নতির জন্য পুনরুদ্ধার কার্যক্রম সম্পর্কে উত্তরদাতাদের নিকট থেকে জানতে চাওয়া হয়েছিল।

- প্রায় অর্ধেক শিক্ষক (প্রাথমিক পর্যায়ের ৫৩ শতাংশ এবং মাধ্যমিক পর্যায়ের ৪৪ শতাংশ) শিখন পুনরুদ্ধারের সময়কাল বর্তমান বছরের পরেও ২-৩ বছর বাড়ানোর বিষয়টি বিবেচনা করার পরামর্শ দিয়েছেন। উত্তরদাতাদের একটি বড় অংশ উভয় স্তরের ক্ষেত্রে শিখন পুনরুদ্ধার কার্যক্রম আরও ৩-৪ বছর বাড়ানো প্রয়োজন বলে মনে করেন;

- প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা স্তরের শিক্ষার্থীদের এক তৃতীয়াংশের বেশি অভিভাবক শিখন পুনরুদ্ধার কার্যক্রম ২-৩ বছর মেয়াদি করার পরামর্শ দিয়েছেন;
- প্রাথমিক এবং মাধ্যমিক উভয় স্তরের প্রায় দুই-তৃতীয়াংশ উপজেলা ও জেলা শিক্ষা কর্মকর্তাগণ শিখন পুনরুদ্ধার কার্যক্রমের মেয়াদ ৩-৪ বছর করার পক্ষে মতামত দিয়েছেন।

অধিকাংশ শিক্ষক এবং শিক্ষা কর্মকর্তা শিখন ক্ষতি মোকাবেলা করতে ২-৩ বছর বা তারও বেশি সময়ের একটি শিখন পুনরুদ্ধার পরিকল্পনাকে সমর্থন করেছেন। শিক্ষা কর্তৃপক্ষ এবং যারা নীতি নির্ধারক তারা কেউ এমন কোনো বিষয় বিবেচনা করছেন কিনা তা জানা যায়নি।

শিখন পুনরুদ্ধার পরিকল্পনার অংশ হিসেবে বর্তমান স্কুল ক্যালেন্ডার পিছিয়ে দিয়ে সেপ্টেম্বর-জুন করা যায় কিনা সেই বিষয়ে অংশীজনরা পক্ষে-বিপক্ষে বিভক্ত ছিলেন। এর পক্ষে সামান্য বেশি সমর্থন লক্ষ্য করা গেছে। শিক্ষক ও এনজিও কর্মকর্তাগণ এই প্রশ্নে প্রায় সমানভাবে দুই পক্ষে বিভক্ত ছিলেন। অভিভাবক ও এসএমসি সদস্যগণ এই ধারণাটির পক্ষে ছিলেন। শিক্ষা কর্মকর্তাদের মধ্যে, মাধ্যমিক স্তরের কর্মকর্তাগণ জোরালোভাবে এর পক্ষে ছিলেন। তবে জেলা ও উপজেলা পর্যায়ের প্রাথমিক স্তরের কর্মকর্তাগণ এই বিষয়ে বেশ দ্বিধাগ্রস্ত ছিলেন।

যদি পুনরুদ্ধার পরিকল্পনার ধারণাটিকে গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়, তাহলে বর্তমান স্কুল ক্যালেন্ডার বছরে আগের চেয়ে আরো বেশি সময় দিতে হবে। আগামী জুন পর্যন্ত স্কুল বছরকে বাড়ানো, সেক্ষেত্রে একটি যুক্তিসংগত এবং প্রয়োজনীয় বিকল্প হতে পারে।

শিক্ষকতা পেশায় মেধাবীদের আকৃষ্ট করা ও ধরে রাখা

তরুণ মেধাবীদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট করা বিশ্বজুড়ে একটি বড় চ্যালেঞ্জ। বেশিরভাগ স্নাতক/স্নাতকোত্তর গ্র্যাজুয়েটরা তাদের প্রথম পেশা হিসেবে শিক্ষকতাকে পছন্দ করেন না। শিক্ষা ব্যবস্থায় রূপান্তরমূলক পরিবর্তন আনার জন্য মেধাবী তরুণদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিকল্প নেই।

সমীক্ষায় সকল বিভাগের অধিকাংশ উত্তরদাতা (৮৮-১০০ শতাংশ) প্রতিভাবান তরুণদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট করতে এবং তাদের সেই পেশায় ধরে রাখার প্রয়োজনীয়তাকে সমর্থন করেছেন। এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা হিসেবে শিক্ষক প্রস্তুতির জন্য চার বছরের ডিগ্রি প্রোগ্রাম চালু এবং একটি জাতীয় টিচিং সার্ভিস ফোর্স/গ্রুপ তৈরি করার পরামর্শ দিয়েছেন।

সার্বিকভাবে মেধাবীদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট করা ও বিদ্যালয়ে ধরে রাখার জন্য নতুন চিন্তাভাবনা এবং নীতি কৌশল গ্রহণের পক্ষে বিপুল সমর্থন লক্ষ্য করা গেছে। এই থেকে বোঝা যায় যে, সমাজ ও রাষ্ট্র কীভাবে শিক্ষকতাকে পেশা হিসেবে দেখে-তা নিয়ে একটি উদ্বেগও লক্ষ্য করা যায়। নীতি-নির্ধারকদের এই বিষয়ে নতুন করে চিন্তা ও কাজ করার জন্য যথেষ্ট গুরুত্ব দেওয়া উচিত।

শিক্ষায় সুশাসন সংক্রান্ত সমস্যা

পুরো শিক্ষাব্যবস্থাকে প্রভাবিত করে এমন একটি মধ্যমেয়াদি শিখন পুনরুদ্ধার পরিকল্পনার কৌশল গ্রহণ ও তা বাস্তবায়ন করা গেলে তা সুশাসন ও ব্যবস্থাপনার ওপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে। এর মধ্যে সম্পদের যথাযথ ব্যবহার, স্থানীয় ও স্কুল পর্যায়ের কর্তৃপক্ষের জবাবদিহি এবং এনজিও, কমিউনিটি সংস্থা ও সুশীল সমাজের সম্পৃক্ততা বিশেষভাবে উল্লেখযোগ্য।

সমীক্ষার ফলাফল থেকে দেখা যায় যে, আট বিভাগের প্রায় সকল (৮৬-১০০ শতাংশ) উত্তরদাতা শিক্ষা ব্যবস্থাপনায় স্থানীয় এবং প্রাতিষ্ঠানিক স্তরে অনেক বেশি বিকেন্দ্রীকরণ এবং দায়িত্ব দেওয়াকে সমর্থন করেছেন।

- মাধ্যমিক বিদ্যালয়ের ৯২ শতাংশ এবং প্রাথমিক বিদ্যালয়ের ৯০ শতাংশ শিক্ষক শিক্ষার বিকেন্দ্রীকরণ পরিকল্পনা, ব্যবস্থাপনা এবং অর্থায়নের ধারণাকে সমর্থন করে মত দিয়েছেন;
- উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের ৯৭ শতাংশ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের ৯৫ শতাংশ শিক্ষার বিকেন্দ্রীকরণ পরিকল্পনা, ব্যবস্থাপনা এবং অর্থায়নের ব্যবস্থা প্রবর্তনকে সমর্থন করেছেন;
- প্রাথমিক বিদ্যালয়ের ৯৭ শতাংশ এসএমসি-র সদস্য এবং মাধ্যমিক বিদ্যালয়ের ৮৬ শতাংশ শিক্ষায় বিকেন্দ্রীকরণ পরিকল্পনা, ব্যবস্থাপনা এবং অর্থায়নের পক্ষে মতামত দিয়েছেন।

জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুযায়ী স্থানীয় পর্যায়ে বিকেন্দ্রীভূত পরিকল্পনা এবং শিক্ষার ব্যবস্থাপনা অধিকতর দায়িত্ব ও জবাবদিহিতার সঙ্গে বাস্তবায়ন প্রত্যাশা করা হয়েছে। সংবিধানের ৫৯ এবং ৬০ অনুচ্ছেদ অনুযায়ী স্থানীয় নির্বাচিত প্রতিনিধিদের ওপর দায়িত্ব ন্যস্ত করে বিকেন্দ্রীকরণের বিধান রয়েছে। শিক্ষা প্রশাসনে এই ধরনের রূপান্তরমূলক পরিবর্তনের প্রভাব কী হবে এবং এই দিকে কীভাবে অগ্রগতি করা যেতে পারে তা রাষ্ট্রের নীতি-নির্ধারণী পর্যায়ে বিবেচনার দাবি রাখে। শিখন পুনরুদ্ধার পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয়তার বিষয়টির প্রাসঙ্গিকতাকে সামনে নিয়ে আসে।

ঙ. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) বিষয়ক চ্যালেঞ্জ

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET)-এর ওপর 'কোভিড ১৯'-এর প্রভাব জানার জন্য নমুনা নির্বাচনে এই শিক্ষা ব্যবস্থায় অধ্যয়নরত ছাত্র, শিক্ষক এবং অভিভাবকদের জন্য পর্যাপ্ত নমুনা অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি। মাধ্যমিক স্তরের শিক্ষাগত সংস্কারের অংশ হিসাবে TVET এর গুরুত্ব ও সম্প্রসারণে সরকারের অগ্রাধিকরণ বিবেচনায় রেখে গবেষণায় ২৪টি উপজেলার TVET শিক্ষকদের নির্বাচন করে তাদের মতামত সংগ্রহ করা হয়েছে। TVET শিক্ষার বর্তমান অবস্থা অবগত হওয়ার জন্য সাধারণ মাধ্যমিক শিক্ষার শিক্ষকদের জন্য অনুরূপ প্রশ্নাবলীর মাধ্যমে ৫৫ জন TVET শিক্ষক/প্রশিক্ষকের টেলিফোন সাক্ষাৎকার নেওয়া হয়েছে।

TVET শিক্ষার্থীরা মাধ্যমিক স্তরে সাধারণ শিক্ষার্থীদের মতো একই ধরনের চ্যালেঞ্জ ও সমস্যার সম্মুখীন হয়েছেন। সাধারণ শিক্ষার মতো TVET শিক্ষার্থীদের শিখন পুনরুদ্ধার পরিকল্পনা অপরিহার্য। TVET সাব-সেক্টরের সুনির্দিষ্ট বৈশিষ্ট্যের প্রেক্ষিতে TVET-এর বিশেষ দিকগুলোর সামগ্রিক সিদ্ধান্ত ও সুপারিশের কাঠামোর মধ্যে বিশেষ মনোযোগ দেওয়া দরকার। সমীক্ষা প্রতিবেদনে TVET সম্পর্কিত যেসব ইস্যু উপস্থাপন করা হয়েছে-

- TVET-এ বেসরকারি খাতের গুরুত্ব এবং সম্প্রসারণের পরিপ্রেক্ষিতে, বেসরকারি প্রতিষ্ঠানগুলোর আর্থিক ও অন্যান্য সমস্যা এবং সরকারি পর্যায়ে তাদের সহায়তা করার উদ্যোগ গ্রহণ করা;
- মেধাবীদের TVET শিক্ষাকার্যক্রমে আগ্রহী করার জন্য সকল প্রতিষ্ঠানের যোগ্য প্রশিক্ষক নিয়োগ, নিয়োগ পদ্ধতির সংস্কার, সরকারি, সরকারি সাহায্যপ্রাপ্ত এবং বেসরকারি প্রতিষ্ঠানের সকল শিক্ষক এবং প্রশিক্ষকদের জন্য নিয়ন্ত্রক বিধান এবং প্রণোদনা কাঠামো অন্তর্ভুক্ত করা;
- TVET প্রতিষ্ঠান এবং শিল্পের মধ্যে একটি শক্তিশালী সম্পর্ক গড়ে তোলা, বিশেষ করে উচ্চ প্রবৃদ্ধি এবং রপ্তানি সম্ভাবনাসহ অর্থনৈতিক খাতে, সরকারের কারিগরি শিক্ষা এবং দক্ষতা উন্নয়নের সেক্টর-ব্যাপী পদ্ধতির এজেন্ডাকে এগিয়ে নিয়ে যাওয়া;
- শিখন ক্ষতি পুনরুদ্ধারে ও দক্ষতা বিকাশের উদ্যোগে তাদের সম্পৃক্ত করতে এসএমইকে তাদের কার্যক্রম চালিয়ে যেতে সহায়তা করা;
- বিদেশে বাংলাদেশের দক্ষতা সনদের গ্রহণযোগ্যতার লক্ষ্যে সরকারি পর্যায়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।

বাংলাদেশের অর্থনীতিতে ইনফর্মাল সেক্টর, দক্ষতা উন্নয়নসহ TVET গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কর্মসংস্থানের সবচেয়ে বড় ক্ষেত্র হিসেবে এই সেক্টরকে বিশেষ গুরুত্ব দিয়ে বিবেচনা করা উচিত, যা এই গবেষণার আওতার বাইরে ছিল।

৪. উপসংহার এবং সুপারিশ

ক. উপসংহার

এখানে দেওয়া উপসংহারগুলোর ভিত্তি হলো- সমীক্ষায় উপস্থাপিত ফলাফল, সরকারি উদ্যোগের পর্যালোচনা এবং শিক্ষার উপর অতিমারীর বর্তমান এবং দীর্ঘমেয়াদি প্রভাব নিয়ে চলমান আলোচনা।

১. সরকারি উদ্যোগ এবং অংশীজনদের প্রয়োজনীয় সহযোগিতা

অতিমারী যখন দেশে আঘাত হানে তখন সরকারের প্রথম এবং তাৎক্ষণিক প্রতিক্রিয়া ছিল সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ করা এবং পাঠ প্রস্তুত করে দূর-শিক্ষণের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চলামান রাখা। এক্ষেত্রে টেলিভিশন, রেডিও, ও মোবাইল ফোনের মাধ্যমে পাঠ সম্প্রচার করা হয়েছিল। দূর-শিক্ষণে শিক্ষার বিষয়বস্তু তৈরি করে চারটি প্লাটফর্মের মাধ্যমে পাঠগুলো প্রচার করা হয়েছে- ক) ইলেকট্রনিক মিডিয়া প্লাটফর্ম, খ) মোবাইল ফোন প্লাটফর্ম, গ) রেডিও প্লাটফর্ম এবং ৪) ইন্টারনেট প্লাটফর্ম। সরকার, উন্নয়ন সহযোগী এবং বেসরকারি সংগঠনগুলো যৌথভাবে সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থীর কাছে পৌঁছানোর জন্য দূর-শিক্ষণ শিক্ষার বিষয়বস্তু তৈরি এবং সহজতর করার জন্য প্রতিটি ওয়ার্কিংগ্রুপে একসঙ্গে কাজ করেছেন। এসব প্রচেষ্টার ফলাফল সম্পর্কে বিতর্ক থাকলেও এগুলো খুবই গুরুত্বপূর্ণ ছিল।

'কোভিড-১৯' মোকাবেলা এবং শিক্ষা পুনরুদ্ধারের জন্য সরকার আরও অনেক উদ্যোগ নিয়েছে। বাংলাদেশ সরকার 'কোভিড-১৯' স্কুল সেক্টর রেসপন্স শীর্ষক একটি প্রকল্প প্রণয়ন করেছে। এটি প্রণয়ন করা হয়েছে স্থানীয় শিক্ষা গ্রুপ এর সম্পৃক্ততায় এবং বিশ্বব্যাংকের সমর্থনে। উদ্দেশ্য ছিল অতিমারী দ্বারা সৃষ্ট শিক্ষার চ্যালেঞ্জ মোকাবেলা করা। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সহযোগিতায় প্রকল্পটি বাস্তবায়ন করা হয়।

